

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৭২

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ ফাতেমা (রাঃ) এর মাহাত্ম্য

## আরবী

وَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا قَالَتْ: كُنَّ أَزْوَاجُ النَّبِيِّ عَنْدُهُ فَأَقْبَلَتْ فَاطِمَةُ رَضِيَ اللهُ عَنهَا تَمْشِي مَا تُخْطِئُ مِشِيتُهَا مِنْ مَشْيَةِ رَسُوْلِ اللهِ عَلَيْ شَيْئًا فَلَمَّا رَآهَا رَحَّبَ بِهَا وَقَالَ مَرْحَبًا بِابْنَتِي ثُمَّ أَجْلَسَهَا عَنْ يَمِينِهِ أَقْ عَنْ شَمَالِهِ ثُمَّ سَارَّهَا فَبَكتْ بُكَاءً شَدِيداً فَقَلَمَّا رَأَى جَزَعَهَا سَارَهَا التَّانِيةَ فَضَحِكَتْ فَقُلْتُ لَهَا : خَصَكُ رَسُوْلُ اللهِ عَلَيْ مِنْ بَيْنِ نِسَائِهِ بِالسِّرَارِ ثُمَّ أَنْت تَبْكِينَ فَلَمَّا قَامَ رَسُوْلُ اللهِ عَلَيْ سَائِتُهَا : مَا كُنْتُ لأَفْشِي عَلَى رَسُوْلُ اللهِ عَلَيْ سَرَّهُ فَلَمَّا تُوفِي رَسُوْلُ اللهِ عَلَيْ سَرَّهُ فَلَمَّا تُوفِي رَسُولُ اللهِ عَلَيْ فَلُمَّا تَوْفِي رَسُولُ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْكَ بِمَا لِي عَلَيْكِ مِنَ الحَقِّ لَمَا حَدَّثْتِنِي مَا قَالَ لَكِ رَسُولُ اللهِ عَلَيْ قُلْتُ عَمْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْكُ بِمَا لِي عَلَيْكِ مِنَ الحَقِّ لَمَا حَدَّثْتِنِي مَا قَالَ لَكِ رَسُولُ اللهِ عَلَيْ قُلْتُ اللهَ وَالْمَلْ مَنَ الْحَقِ لَمَا حَدَّثْتِنِي مَا قَالَ لَكِ رَسُولُ اللهِ عَلَيْ اللهِ عَلَيْكُ بِمَا لِي عَلَيْكِ مِنَ الحَقِّ لَمَا حَدَّثْتِنِي مَا قَالَ لَكِ رَسُولُ اللهِ عَلَيْكُ بَمَا لَيْ عَلَيْكِ بِمَا لِي عَلَيْكُ مِنَ الْحَقِّ لَمَا حَدَّثْتِنِي مَا قَالَ لَكِ وَلِي لَاللهِ عَلَيْكُ بَمُ اللهَ وَاعْمَلُ مَا وَالْعَلَى اللهَ وَاصْبُونِ عَلَيْ وَالْمَا اللّهِ فَاللّهُ وَاللهُ وَاصِبُوي فَلْتُ لَكَ فَبَكِيْتُ مُولَى اللّهُ وَاصْبُوي فَلْمَا لَكُ فَبَكِيْتُ مُنْ الْمُؤْمِنِينَ أَوْ مَنْ مَلَا اللهُ وَاصْبُوعُ الْمَا مَلُ مَا اللهَ وَاصْبُوعُ الْمَالُومُ وَلَى اللّهُ وَاصِبُوعِ اللّهُ وَاصِبُوعِ الْمُؤْمُونِي سَيْدَةً نِسَاءِ هذِهِ الْأُمَّةِ ؟ فَصَحَكِتُ صَحَحِكِي النَّذِي رَأَيْتِ مَنْفَقٌ عَلَيْهِ وهذَا لفظ مسلم عَذْهِ اللهُ وَلَا فَظ مسلم عَدْهِ اللهُ فَلَا الفَظ مسلم عَلَيْهُ وهذَا لفظ مسلم عَلَيْهُ وهذَا لفظ مسلم عَلَيْهُ وهذَا لفظ مسلم عَلَيْهُ وهذَا الْفَطْ مسلم عَلَيْهُ وهذَا الْفَطْ مسلم المُؤْمُونِي سَلَيْ اللهُ الْمَلْولُ مِلْهُ الْمُلْعُلُ مَا الْمُؤْمُ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُلْعُ الْمُؤْمِ ال

## বাংলা

(২৮৭২) আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রীরা সকলেই তাঁর কাছে ছিল। ইত্যবসরে ফাতেমা (রাযিয়াল্লাহু আনহা) হেটে (আমাদের নিকট) এল। তার চলন এবং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চলনের মধ্যে কোন পার্থক্য ছিল না। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখে স্বাগত জানালেন এবং বললেন, 'আমার কন্যার শুভাগমন হোক।' অতঃপর তিনি তাকে নিজের ডান অথবা বাম পাশে বসালেন। তারপর তিনি তাকে কানে কানে গোপনে কিছু বললেন। ফাতেমা (রাযিয়াল্লাহু আনহা) জোরেশোরে কাঁদতে আর □ম্ভ করল। সুতরাং তিনি তার অস্থিরতা দেখে পুনর্বার তাকে কানে কানে কিছু বললেন। ফলে (এবার) সে হাসতে লাগল। (আয়েশা বলেন,) অতঃপর আমি ফাতেমাকে বললাম,



'রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রীদের মাঝে (তাদেরকে বাদ দিয়ে) তোমাকে গোপনে কিছু বলার জন্য বেছে নেওয়া সত্ত্বেও তুমি কাঁদছ?' তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন উঠে গেলেন, তখন আমি তাকে বললাম, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাকে কী বললেন?' সে বলল, 'আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গোপন কথা প্রকাশ করব না।'

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ইন্তেকাল করলে আমি ফাতেমাকে বললাম, 'তোমার প্রতি আমার অধিকার রয়েছে। তাই আমি তোমাকে কসম দিয়ে বলছি যে, তুমি আমাকে বল, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তোমাকে কী বলেছিলেন?' সে বলল, 'এখন বলতে কোন অসুবিধা নেই।' আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম প্রথমবারে কানাকানি করার সময় আমাকে সংবাদ দিয়েছিলেন যে, ''জিবরীল (আঃ) প্রত্যেক বছর একবার (অথবা দু'বার) ক'রে কুরআন শোনান। কিন্তু এখন তিনি দু'বার শুনালেন। সুতরাং আমি বুঝতে পারছি যে, আমার মৃত্যু সন্নিকটে। সুতরাং তুমি (হে ফাতেমা!) আল্লাহকে ভয় করো এবং ধৈর্য ধারণ করো। কেননা, আমি তোমার জন্য উত্তম অগ্রগামী।'' সুতরাং আমি (এ কথা শুনে) কেঁদে ফেললাম, যা তুমি দেখলে। অতঃপর তিনি আমার অস্থিরতা দেখে দ্বিতীয়বার কানে কানে বললেন, ''হে ফাতেমা! তুমি কি এটা পছন্দ কর না যে, মু'মিন নারীদের তুমি সর্দার হবে অথবা এই উন্মতের নারীদের সর্দার হবে?'' সুতরাং (এমন সুসংবাদ শুনে) আমি হাসলাম, যা তুমি দেখলে।'

## ফুটনোট

(বুখারী ৬২৮৫, শব্দাবলী মুসলিমের ৬৪৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন